গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০০১.২.১১৮ তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর কয়েকটি অনুচ্ছেদ সংশোধন।**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বর্ণিত অনুচ্ছেদসমূহ নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

| ক্র: নং | নীতিমালায় সংশ্লিষ্ট অনুচ্ছেদ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর সংশোধন |
|---|---|---|
| ০১ | পরিশিষ্ট-ঘ (ক) (১) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (ক) এর ১ নং ক্রমিকের এর ০৪ নং কলামে (**অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা**)' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/ সহকারী অধ্যাপক পদে মোট ১৮(আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় প্রভাষক (সাধারণ) অথবা প্রভাষক (সাধারণ) ও জ্যেষ্ঠ প্রভাষক/ সহকারী অধ্যাপক (সাধারণ) পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>কর্মরত প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষককে অধ্যক্ষ পদে আবেদন করতে হলে, বর্ণিত নীতিমালার পরিশিষ্ট-ঘ(ক) এর ১ নং ক্রমিকের ৩ নং কলামের শিক্ষাগত যোগ্যতা এবং মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০২ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে বর্ণিত নীতিমালার পরিশিষ্ট-ঘ(ক) এর ১ নং ক্রমিকে ৩ নং কলামের শিক্ষাগত যোগ্যতা এবং ইনডেক্সধারী হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০২ | পরিশিষ্ট-ঘ (ক) (৮) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (ক) এর ৮ নং ক্রমিকের এর ০৪ নং কলামে (**অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা**)' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো: |

| ক্র: নং | নীতিমালায় সংশ্লিষ্ট অনুচ্ছেদ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর সংশোধন |
|---|---|---|
| | | মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক<br>অথবা<br>মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>সহকারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০৩ | পরিশিষ্ট-ঘ (ক) (৯) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (ক) এর ৯ নং ক্রমিকের এর ০৪ নং কলামে (অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা)' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>মাধ্যমিক/ নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে এ নীতিমালার ১১.২৪ এ বর্ণিত ইনডেক্সধারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০৪ | পরিশিষ্ট-ঘ (ক) (১০) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (ক) এর ১০ নং ক্রমিকের এর ০৪ নং কলামে **(অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা)**' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>মাধ্যমিক/ নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে এ নীতিমালার ১১.২৪ এ বর্ণিত ইনডেক্সধারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০৫ | পরিশিষ্ট-ঘ (খ) (১) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (খ) এর ১ নং ক্রমিকের এর ০৪ নং কলামে **(অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা)**' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>ডিগ্রি কলেজের এম.পি.ও.ভুক্ত অধ্যক্ষ<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/ উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ পদে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যক্ষ পদে ৫ম গ্রেডে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/ সহকারী অধ্যাপক পদে মোট ১৮(আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০৬ | পরিশিষ্ট-ঘ (খ) (২) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (খ) এর ২ নং ক্রমিকের এর ০৪ নং কলামে **(অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা)**' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>ডিগ্রি কলেজের এম.পি.ও.ভুক্ত অধ্যক্ষ<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর কলেজের উপাধ্যক্ষ পদে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা |

| ক্র: নং | নীতিমালায় সংশ্লিষ্ট অনুচ্ছেদ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর সংশোধন |
|---|---|---|
| | | অথবা<br>উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যক্ষ পদে ৫ম গ্রেডে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/ সহকারী অধ্যাপক পদে মোট ১৮(আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০৭ | পরিশিষ্ট-ঘ (খ) (৩) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (খ) এর ৩ নং ক্রমিকের এর ০৪ নং কলামে (**অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা**)' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/ স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে মোট ১৮(আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/ আলিম/ ফাজিল/ কামিল মাদ্রাসায় প্রভাষক (সাধারণ) অথবা প্রভাষক (সাধারণ) ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক (সাধারণ) পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ০৭ | পরিশিষ্ট-ঘ (খ) (৪) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-ঘ (খ) এর ৪ নং ক্রমিকের এর ০৪ নং কলামে (**অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা**)' নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে মোট ১৮(আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |

১০.০৬.২৬

সাইয়েদ এ.জেড.মোরশেদ আলী
উপসচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০০১.২.১১৮

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

d:\d drive\azim 30000\circular.docx